

ইউনিট-ডি  
বিজনেস স্টাডিজ অনুষদ  
বি বি এ ১ম বর্ষ ভর্তি পরীক্ষা ২০১৭-১৮  
রাজশাহী বিশ্ববিদ্যালয়

নোটিশ

মেমো নং- ৫৯৯/বি. স্টা./বিবিএ প্রথমবর্ষ ভর্তি পরীক্ষা-২০১৭-১৮/৩৪

তারিখঃ ১৯/১১/২০১৭

কোটার নোটিশ

বিজনেস স্টাডিজ অনুষদ এর বিবিএ প্রথমবর্ষ ভর্তি পরীক্ষা ২০১৭-২০১৮ -এর বিভিন্ন কোটায় (WQ, FFQ, SEQ, PDQ) পাশকৃত (পাশ নম্বর ৪০) ছাত্র/ছাত্রীদের তালিকা প্রকাশ করা হল। পাশকৃত ছাত্র/ছাত্রীদের আগামী ২৬/১১/২০১৭ তারিখের মধ্যে বিভিন্ন কোটায় ভর্তির জন্য ডীন, বিজনেস স্টাডিজ অনুষদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী বরাবর আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে কোটার স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে। শুধুমাত্র WQ (শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর পুত্র/কন্যা) কোটার ছাত্র/ছাত্রীদের আগামী ০৩/১২/২০১৭ তারিখ সকাল ১১:০০ (এগার) টায় ডীন, বিজনেস স্টাডিজ অনুষদ অফিস কক্ষে (ডীন কমপ্লেক্স ভবন তৃতীয় তলা) সাক্ষাৎকার গ্রহণ করা হবে। FFQ কোটার সাক্ষাৎকার ছাত্র-উপদেষ্টার দপ্তর, SEQ কোটার সাক্ষাৎকার প্রশাসক, জনসংযোগ দপ্তর ও PDQ কোটার সাক্ষাৎকার প্রধান চিকিৎসক, চিকিৎসা কেন্দ্র, রাজশাহী বিশ্ববিদ্যালয় এ গ্রহণ করা হবে। সাক্ষাৎকার শেষে প্রার্থীদের ভর্তির জন্য বিভাগ অনুযায়ী চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে এবং ভর্তির তারিখ জানানো হবে। প্রকাশিত ফলাফলে কোন ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে অনুষদের সংশোধন/বাতিল করার ক্ষমতা থাকবে।

শুধুমাত্র WQ কোটার ক্ষেত্রে প্রযোজ্য :

- (ক) রাজশাহী বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে (admission.ru.ac.bd) ৩০/১১/২০১৭ তারিখের মধ্যে Subject Choice Form পূরণ করে প্রিন্ট কপি সাক্ষাৎকারের সময় সঙ্গে আনাতে হবে। নির্ধারিত সময়ে Subject Choice Form পূরণ না করলে ০৩/১২/২০১৭তারিখে অনুষ্ঠিতব্য সাক্ষাৎকারে অংশ গ্রহণ করা যাবে না।
- (খ) ওয়ার্ড (WQ) কোটায় সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার সময় প্রার্থীকে নিম্নে উল্লেখিত ডকুমেন্টগুলি দেখাতে হবেঃ-
- ১) এস.এস.সি./সমমান এবং এইচ.এস.সি./সমমান পরীক্ষার মূল মার্কশীট।
  - ২) এইচ.এস.সি./সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড।
  - ৩) ভর্তি পরীক্ষার প্রবেশপত্র (পরীক্ষার হলে পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত)।



(প্রফেসর ড. মোঃ শিবলী সাদিক)

চীফ কো-অর্ডিনেটর, ইউনিট- D

বিবিএ প্রথমবর্ষ ভর্তি পরীক্ষা- ২০১৭-১৮

ও

অধিকর্তা, বিজনেস স্টাডিজ অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।